



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ১১৫

তারিখঃ ২৮/০৮/১৮খ্রিঃ

বিষয়ঃ খেলাপি ঋণ হাসকল্পে ক্রাশ প্রোগ্রাম পরিচালনা।


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটি বর্তমানে কর্মসূচি আকারে চলমান রয়েছে। প্রকল্পের সুফলভোগীদের মাঝে প্রশিক্ষণোত্তর ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অনলাইন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে সার্বক্ষণিক তদারকি করা হয়। ইতোপূর্বে খেলাপি ঋণ আদায়ের জন্য সরকারি ছুটির দিনে কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে বিশেষ অভিযান/ক্রাশ প্রোগ্রাম পরিচালনার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। সাম্প্রতিক কালে কোন কোন উপজেলায় যথাযথভাবে বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে; ফলে খেলাপি ঋণের পরিমাণ আশংকাজনক হারে বাড়ছে। বিগত জুলাই/১৮ খ্রিঃ মাসে অনুষ্ঠিত বিআরডিবি'র মাসিক অভ্যন্তরীণ ঋণ সমন্বয় সভায় এ বিষয়ে মহাপরিচালক, বিআরডিবি মহোদয় গভীর উদ্বেগ প্রকাশ করেন এবং আগামী ০৩ (তিন) মাসের মধ্যে খেলাপি ঋণ শূণ্যের কোঠায় নামিয়ে আনার নির্দেশনা প্রদান করেন। এমতাবস্থায়, বিদ্যমান খেলাপি ঋণ আগামী ০৩ (তিন) মাসের মধ্যে শূণ্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে মাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক প্রতি শনিবার কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে ক্রাশ প্রোগ্রাম করে তা বাস্তবায়ন করতে হবে এবং নিম্নোক্ত ছক মোতাবেক পরবর্তি মাসের ০৫ তারিখের মধ্যে খেলাপি ঋণ আদায়ের অগ্রগতি প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরের ই-মেইলে প্রেরণ করতে হবে। যে সকল উপজেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ০৩ (তিন) মাসের মধ্যে মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায়ে ব্যর্থ হবে সে ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিনুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপজেলাঃ

জেলাঃ

মাসের নামঃ

ক্র.নং	খেলাপি সমিতির নাম ও কোড নং	বিতরণের তারিখ	মাসের শুরুতে খেলাপির পরিমাণ	খেলাপি আদায় (লক্ষ টাকায়)				মাসে মোট আদায়	মাস শেষে খেলাপির পরিমাণ	মন্তব্য
				১ম সপ্তাহ	২য় সপ্তাহ	৩য় সপ্তাহ	৪র্থ সপ্তাহ			
০১										
মোটঃ										


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলাঃ.....(কর্মসূচিভুক্ত সকল উপজেলা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক(ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভুক্ত সকল জেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. মনিটরিং কর্মকর্তা, সংশ্লিষ্ট প্রকল্প এলাকা (তাকে সাপ্তাহিক ভিত্তিতে তাঁর মনিটরিং এলাকার খেলাপি ঋণ আদায়ের তথ্য সংগ্রহপূর্বক নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা হলো)।
৬. পরিচালক(প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো (কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৭. অফিস নথি/ গার্ড ফাইল।